যায়যায়দিন

তারিখ 26 JUN 2008
পৃষ্ঠা ১৬ কলাম ১

# যে ফাইলে হাত দিয়েছি তাতে দুর্নীতির চিহ্ন পেয়েছি

—ভিসি ড. রাশিদুল হাসান

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান বলেছেন, ভিসির দায়িত্ব নিয়ে যে ফাইলে হাত দিয়েছি তাতে দুর্নীতির চিহ্ন পেয়েছি। এ দুর্নীতি দূর করতে গিয়ে এক শ্রেণীর দুর্নীতিপরায়ণ কর্মকর্তা-কর্মচারীর আক্রোশের শিকার হয়েছি। এখন তারা আমাকে দুর্নীতিবাজ, নারীবাজ আখ্যায়িত করে সংবাদপত্রে ও আমার স্ত্রীর কাছে খোলা চিঠি পাঠাচ্ছে।

তিনি বলেন, আমি বলেছি নরক যন্ত্রণায় আছি। বিশ্ববিদ্যালকে কখনো নরক বলিনি। তিনি আরো বলেন, একটি দুর্নীতির প্রমাণ দিতে পারলে শাস্তি মাথা পেতে নেবো। আমি যদি লোকবল পাই এক মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়কে দুর্নীতিমুক্ত করতে পারবো। গতকাল সকালে তিনি স্থানীয় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ কথা বলেন। ভিসির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ওই মতবিনিময় সভায় আন্ডারগ্র্যাজুয়েট স্কুলের ভারপ্রাপ্ত ডিন ড. ফকির রফিকুল আলম, জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ এনামুল করিম, উপ-রেজিস্ট্রার (প্রশাসন) মোঃ রুহুল আমিন, উপ-রেজিস্ট্রার (পার্চেজ) মোঃ পারভেজ সাজ্জাদ, প্রক্টর মোঃ ইদ্রিস আলী সরকারসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি, ট্রেজারারসহ আটটি বিভাগের নয়টি গুরুত্বপূর্ণ শূন্য পদে ভারপ্রাপ্ত কর্মকর্তারা দায়িত্ব পালন করছেন। আমাকেসহ অনেককে একাধিক দায়িত্ব পালন করতে হচ্ছে। তিনি বলেন, জ্ঞাতসারে কোনো অন্যায় ও দুর্নীতিকে প্রশ্রয় দেইনি।